

স্মারক নং-৩৭.০৩.০০০০.০০১.১৮.০৭১.১৩./২৬৫

তারিখঃ ১৪/০৫/২০১৭খ্রিঃ।


দপ্তর নির্দেশ

সম্প্রতি অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে বিভিন্ন সরঞ্জামাদি, কম্পিউটার ইত্যাদি চুরির প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। তদপ্রেক্ষিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশ প্রদান করা হলো। তার প্রতিষ্ঠানের নিরাপত্তা প্রহরীর ঘাটতি থাকলে সরকারী বিধি মোতাবেক সম্বন্ধের অন্যান্য কর্মচারীকে নিরাপত্তার ডিউটি প্রদান করা যেতে পারে।

এছাড়াও সংশ্লিষ্ট বিভাগ/শাখার সপ/ল্যাবরেটরি/অন্যান্য মালামালের দায়িত্বে নিয়োজিত ক্রাফট ইন্সট্রাক্টর(সপ/টিআর), ড্রাফটসম্যান, কেয়ারটেকার ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মচারীগণকে মালামাল সংরক্ষণ/নিরাপত্তার বিষয়ে অধিক গুরুত্ব আরোপের বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে।

প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক নিরাপত্তাসহ সার্বিক নিরাপত্তা ব্যবস্থার বিষয়ে গৃহীত কার্যক্রম আগামী ০৩(তিন) কার্য দিবসের মধ্যে অধিদপ্তরকে অবহিত করার জন্য বলা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ অহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ

অধ্যক্ষ, টিটিটিসি/ইঞ্জিনিয়ারিং কলেজ/ডিটিটিআই/
পলিটেকনিক/গ্রাফিক আর্টস/প্লাস এন্ড সিরামিক/সার্ভে/ফেনী
কম্পিউটার ইনস্টিটিউট,



অনুলিপিঃ

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন, ঢাকা।
{ দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব(কারিগরি) }
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। সংরক্ষণ নথি।